**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# কন এড-এর বিলিংয়ের অনুশীলন পর্যালোচনার জন্য কন এড-এর প্রতি গভর্নর হোকলের সনির্বন্ধ অনুরোধ এবং জ্বালানির ক্রমবর্ধমান মূল্য মোকাবেলা অব্যাহত রাখতে পদক্ষেপ গ্রহণের ঘোষণা

***গভর্নর নিউ ইয়র্কবাসীদের ত্রাণ প্রদানের প্রচেষ্টা বৃদ্ধি করেছেন, নিম্ন আয়ের অধিবাসীদেরকে কয়েক মিলিয়ন ডলারের সহায়তার জন্য আবেদন করতে উৎসাহিত করেছেন***

***বিলিং এর অনুশীলন পর্যালোচনা করার জন্য সনির্বন্ধ অনুরোধ জানিয়ে কন এড-এর কাছে স্টেটের তরফ থেকে চিঠি পাঠানো হয়েছে***

নিউ ইয়র্ক স্টেটে সাম্প্রতিক জ্বালানি মূল্য বৃদ্ধির কারণে ইতোমধ্যে সংগ্রামে লিপ্ত বহু নিউ ইয়র্কবাসী হতচকিত অবস্থার সম্মুখীন হওয়ার ঘটনার পরে আজ গভর্নর ক্যাথি হোকল পাবলিক সার্ভিস কমিশনের (Public Service Commission, PSC) তরফ থেকে একটি চিঠি পাঠানোর মাধ্যমে কন এডিসনের (Con Edison) কাছে তাদের বিলিং এর অনুশীলন পর্যালোচনার জন্য সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন, এবং এছাড়াও নিম্ন-আয়ের নিউ ইয়র্কবাসীদের কাছে কয়েক মিলিয়ন ডলারের সহায়তার ত্রাণ পৌঁছে দেওয়ার প্রচেষ্টা বৃদ্ধির ঘোষণা দিয়েছেন।

"স্টেটব্যাপী আমরা ইউটিলিটি বিলের যে চরম বৃদ্ধি দেখতে পাচ্ছি এটা এমন এক সময়ে ঘটছে যখন নিউ ইয়র্কবাসীরা কোভিড-19 মহামারী পরবর্তী সময়ে ইতোমধ্যে আর্থিকভাবে সংগ্রাম করে চলেছেন," **বলেছেন গভর্নর হোকল।** "যদিও বিদ্যুৎ, প্রাকৃতিক গ্যাস ও জ্বালানি তেলের যে মূল্য বৃদ্ধি আমরা দেখতে পাচ্ছি সে ব্যাপারে আগেই পূর্বাভাস পাওয়া গিয়েছিল এবং বর্তমান তীব্র শীতকালীন বিরূপ আবহাওয়ার কারণে এটি ঘটছে, আমি কন এড-এর প্রতি তাদের বিলিং এর অনুশীলন পর্যালোচনার জন্য আহবান জানিয়েছি কারণ নিউ ইয়র্কবাসীদের জন্য, বিশেষ করে আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ অধিবাসীদের কাছে ত্রাণ সরবরাহ করতে আমাদের অবশ্যই একতাবদ্ধ পদক্ষেপ গ্রহণ করতে হবে।"

এই শীতে ঘরবাড়ি গরম করা ও বিদ্যুৎ উৎপাদনের জন্য ব্যবহৃত প্রাকৃতিক গ্যাসের দাম চড়াভাবে বৃদ্ধি পেয়েছে যার ফলে আগের মাসগুলোর তুলনায় গ্রাহকের বিদ্যুৎ এবং/অথবা প্রাকৃতিক গ্যাসের সরবরাহকারী উপাদানের বিল উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে — যা কখনো কখনো দ্বিগুণেরও বেশিতে পরিণত হয়েছে। স্বাভাবিকের চেয়ে বেশি শীতল তাপমাত্রার কারণে ঘরোয়া ব্যবহার বৃদ্ধি, অর্থনৈতিক ক্রিয়াকলাপ বৃদ্ধি পাওয়া, এবং আন্তর্জাতিকভাবে প্রাকৃতিক

গ্যাসের চাহিদা বৃদ্ধি ইত্যাদি কারণে বৈশ্বিক পর্যায়ে প্রাকৃতিক গ্যাসের ব্যবহার বেড়ে যাওয়ায় বিলের এসব বৃদ্ধি ঘটছে।

## হিটিং ইউটিলিটি সহায়তা

পাবলিক সার্ভিস কমিশন (PSC) এটির 7 অক্টোবর, 2021 সালের সেশনে সাপ্লাইয়ের অনুমিত মূল্য বৃদ্ধি এবং গ্রাহকদের অবহিত করার জন্য ইউটিলিটিগুলোর গৃহীত পদক্ষেপগুলো সম্পর্কে আলোচনা করে। সরবরাহের মূল্য বৃদ্ধি মোকাবেলার জন্য, গভর্নর হোকল সামনের ঠাণ্ডা আবহাওয়ার মাসগুলোতে পরিষেবার সম্ভাব্য বিঘ্ন এড়ানোর জন্য সংগ্রামে লিপ্ত নিউ ইয়র্কবাসীদের হিটিং ও ইউটিলিটি খরচ পরিশোধ করতে সাহায্য করার জন্য লভ্য বিভিন্ন স্টেট কর্মসূচি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে একটি স্টেটব্যাপী প্রচেষ্টা চালু করেছেন। গভর্নরের ঘোষণা করা এসব কর্মসূচির মধ্যে রয়েছে:

- এই শীতের মৌসুমে নিজেদের বাড়িকে উষ্ণ রাখার জন্য সহায়তা প্রয়োজন এমন নিম্ন ও মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচির (Home Energy Assistance Program, HEAP) মাধ্যমে 373 মিলিয়ন ডলারেরও বেশি হোম হিটিং সহায়তা লভ্য রয়েছে। এখন পর্যন্ত উপযুক্ত পরিবারগুলো 1.4 মিলিয়ন নিয়মিত HEAP বেনিফিট পেয়েছে, যার মোট পরিমাণ 208 মিলিয়ন ডলার।
- নিম্ন-আয়ের পরিবারগুলোকে হিটিং ইউটিলিটির বকেয়া পরিশোধের জন্য সাহায্য করতে বাড়তি ফেডারেল তহবিল লভ্য রয়েছে। এখন পর্যন্ত 104,000 নিয়মিত বকেয়া সম্পূরক সুবিধা ইস্যু করা হয়েছে, এবং উপযুক্ত পরিবারগুলোর জন্য 166 মিলিয়ন ডলার বকেয়া পরিশোধ করা হয়েছে।
- নিম্ন ও মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদেরকে জ্বালানির মূল্য বৃদ্ধির এই সময়ে তাদের হিটিং সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাওয়া অথবা তাদের হিটিংয়ের উৎস ফুরিয়ে যাওয়া এড়াতে সাহায্য করার জন্য জরুরি HEAP-এর মাধ্যমে 90 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল প্রদান করা হয়েছে। এখন পর্যন্ত এই শীতে উপযুক্ত পরিবারগুলো মোট 17.8 মিলিয়ন ডলারের প্রায় 20,000 জরুরি HEAP বেনিফিট পেয়েছে।
- 2021 সালে PSC স্টেটব্যাপী জ্বালানি ক্রয়ক্ষমতা নীতিমালা (Energy Affordability Policy, EAP) কর্মসূচির জন্য নির্ধারিত বাজেট 237.6 মিলিয়ন ডলার থেকে বৃদ্ধি করে 366.7 মিলিয়ন ডলারে উন্নীত করেছে এবং উপযুক্ততা সম্প্রসারণ করেছে, যার ফলে আরো প্রায় 95,000 নিম্ন-আয়ের গ্রাহক বেনিফিট পেতে সক্ষম হবেন। 2021 সালের সেপ্টেম্বর মাস থেকে উপযুক্ত গ্রাহকদের জন্য ইউটিলিটিগুলো আনুমানিক 153 মিলিয়ন ডলারের বিল ডিসকাউন্ট ইস্যু করেছে।

**PSC-এর সভাপতি রোরি এম. ক্রিস্টিয়ান বলেন,** "আমরা বুঝি যে শীতকালে বিদ্যুৎ ও গ্যাসের বিল বেড়ে যাওয়ার ফলে আর্থিক সমস্যা তৈরি হয়। যদিও PSC ও ইউটিলিটিগুলো সাপ্লাইয়ের দাম নিয়ন্ত্রণ করতে পারে না, কিন্তু ইউটিলিটিগুলো ভবিষ্যতে নাটকীয়ভাবে মূল্য পরিবর্তনের সম্ভাবনা কমিয়ে আনতে তাদের প্রোকিউরমেন্ট ও বিলিং এর অনুশীলন উন্নত করতে পারে।"

## বিলিং-এর অনুশীলন সমন্বয়

জ্বালানি বিলের সরবরাহকারী উপাদানের মূল্য ইউটিলিটি বা পাবলিক সার্ভিস কমিশন কেউই নিয়ন্ত্রণ করে না। তবে, দ্রব্যমূল্যের হঠাৎ বৃদ্ধি থেকে ভোক্তাদের আরো ভালোভাবে সুরক্ষিত রাখতে ইউটিলিটিগুলো স্বল্প মেয়াদী ও দীর্ঘমেয়াদী চুক্তি সহ বিভিন্ন ধরনের ক্রয় পদ্ধতি ও হেজিং পদ্ধতি ব্যবহার করে থাকে। যদিও সব ইউটিলিটিই হেজিং কৌশল ব্যবহার করে থাকে, প্রত্যেক ইউটিলিটি গ্রাহকদের ইউটিলিটি বিলের উপর এসব হেজের মূল্য ভিন্নভাবে প্রয়োগ করে থাকে। কন এডিসন-এর ক্ষেত্রে, সরবরাহের রেট উল্লেখযোগ্যভাবে বেড়ে যাওয়া এবং চূড়ান্ত পর্যায়ে গিয়ে গ্রাহকদের বিল বেড়ে যাওয়ার পিছনে গ্রাহকদের জন্য তাদের বিলিং এর অনুশীলন অবদান রেখেছে।

আজ PSC কন এডিসনের কাছে একটি চিঠি পাঠিয়ে জানুয়ারি মাসে ইউটিলিটির পাওয়া সম্পূর্ণ হেজকৃত মূল্য পরবর্তী বিলিং চক্রে গ্রাহকদের প্রদান করা হবে, গ্রাহকদের সঙ্গে যোগাযোগ উন্নত করা হবে, এবং 28 ফেব্রুয়ারি, 2022 তারিখের মধ্যে DPS কর্মীদের কাছে সুপারিশ সহ তাদের বর্তমান বিলিং এর অনুশীলনের বিকল্পগুলোর মূল্যায়ন প্রদান করা হবে এই নিশ্চয়তা সহ ইউটিলিটির বিলিং এর নিয়মাবলীর একটি বিশদ পর্যালোচনার জন্য অনুরোধ জানিয়েছে।

## জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরতা কমানো

একটি অধিকতর সবুজ, আরো বেশি নির্মল অর্থনীতির দিকে নিউ ইয়র্কের এগিয়ে যাওয়ার এই সময়ে গভর্নর হোকল জীবাশ্ম জ্বালানির উপর স্টেটের নির্ভরতা কমিয়ে আনতে এবং জ্বালানি খরচ স্থিতিশীল রাখতে, প্রধানত নবায়নযোগ্য উৎস ব্যবহারের মাধ্যমে, বিদ্যুৎ উৎপাদনের জ্বালানির উৎসের মধ্যে বৈচিত্র্য নিয়ে আসার জন্য উল্লেখযোগ্য বিনিয়োগ করছেন। জলবায়ু সংকটের মাত্রা উপলব্ধি করে, গভর্নর হোকল তার 2022 সালের স্টেট অব দ্যা স্টেট ভাষণে এবং নির্বাহী বাজেট প্রস্তাবে একটি উচ্চাকাঙ্ক্ষী নবায়নযোগ্য জ্বালানি ও কর্মসংস্থান বিষয়ক এজেন্ডা ঘোষণা করেছেন। এই এজেন্ডার মধ্যে পরবর্তী অফশোর বায়ুশক্তি উন্নয়নের সলিসিটেশন অন্তর্ভুক্ত রয়েছে; যেখানে অফশোর বায়ুশক্তির জন্য বন্দর অবকাঠামো ও সাপ্লাই চেইনের জন্য 500 মিলিয়ন ডলার বিনিয়োগ করা হবে; যার ফলে 2030 সালের মধ্যে 2 মিলিয়ন জলবায়ু-বান্ধব, বৈদ্যুতীকরণকৃত অথবা বৈদ্যুতীকরণের জন্য প্রস্তুত বাড়ি পাওয়া যাবে; যা নিউ ইয়র্কের সবচেয়ে নোংরা, দূষণকারী পাওয়ার প্ল্যান্টগুলোকে বন্ধ করে দিবে; সবুজ হাইড্রোজেনের মতো নতুন নির্মল জ্বালানি প্রযুক্তির জন্য বাজারকে উদ্দীপিত করবে; এবং মানসম্মত সবুজ কর্মসংস্থান তৈরি হওয়ার বিষয়টি নিশ্চিত করবে।

## ভোক্তাদের শিক্ষা ও সচেতনতা

PSC ও ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস সরবরাহের মূল্য বৃদ্ধির অনুমিত পরিমাণ এবং গ্রাহকদের শীতকালীন বিলের উপর সেটির প্রভাব সম্পর্কে স্বতস্ফূর্তভাবে বার্তা প্রচার করে আসছে। 2022 সালের জানুয়ারি মাসে, ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস অন্য স্টেট সংস্থাগুলোর সঙ্গে অংশীদার হয়ে স্টেটব্যাপী কমিউনিটি নেতৃবৃন্দ ও নির্বাচিত কর্মকর্তাদের জন্য কিছু ধারাবাহিক ভার্চুয়াল কর্মশালার আয়োজন করেছে। এসব কর্মশালায় যেসব বিষয়ের উপর জোর দেওয়া হয়েছে সেগুলো হলো: আর্থিক সহায়তা কর্মসূচি, যেমন গৃহ জ্বালানি (Home Energy) ও নিম্ন-আয়ের পরিবারের জন্য পানি সহায়তা কর্মসূচি (Low-Income Household Water Assistance Program); ইউটিলিটির জ্বালানির ক্রয়ক্ষমতা সংক্রান্ত কর্মসূচিসমূহ; আবহাওয়া থেকে সুরক্ষা এবং জ্বালানি দক্ষতা অর্জনের জন্য ভোক্তারা অন্যান্য যেসব পদক্ষেপ

গ্রহণ করতে পারেন; প্রবীণ প্রাপ্তবয়স্ক ও তাদের কেয়ারগিভারদের জন্য বাড়ি ও কমিউনিটি-ভিত্তিক পরিষেবা ও সহায়তাসমূহ; এবং কিভাবে ভোক্তাদেরকে শীতকালীন সংস্থানগুলোর দিকে দিকনির্দেশ করা যায়।

সেইসাথে, শীতকাল শুরু হওয়ার পর থেকে ইউটিলিটিগুলো স্বতস্ফূর্তভাবে জানিয়ে আসছে যে এই শীতে সরবরাহের মূল্য বৃদ্ধির কারণে গ্রাহকদের বিল অপেক্ষাকৃত বেশি আসবে। এসব প্রচার ও শিক্ষা প্রচেষ্টার মধ্যে প্রেস বিজ্ঞপ্তি, নিউজলেটার, ইউটিলিটি কল সেন্টার প্রতিনিধিদের প্রশিক্ষণ, ইউটিলিটি ভিডিও, ও সোশ্যাল মিডিয়ায় পোস্ট করা অন্তর্ভুক্ত রয়েছে।

গ্রাহকরা যাতে তাদের জ্বালানি বিল কার্যকরভাবে সামাল দেয়ার জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা ও তথ্য পাওয়ার জন্য এসব কর্মসূচি সম্পর্কে সচেতন থাকেন তা নিশ্চিত করতে PSC অঙ্গীকারাবদ্ধ। শীতকালীন প্রস্তুতিমূলক প্রচেষ্টা এবং এসব সহায়তা কর্মসূচি সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.dps.ny.gov/winter ওয়েবসাইট দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন